আমারে দিই তোমার হাতে
নূতন ক'রে নূতন প্রাতে ॥
দিনে দিনেই ফুল যে ফোটে,   তেমনি করেই ফুটে ওঠে
জীবন তোমার আঙিনাতে
নূতন ক'রে নূতন প্রাতে ॥
বিচ্ছেদেরই ছন্দে লয়ে
মিলন ওঠে নবীন হয়ে ।
আলো-অন্ধকারের তীরে   হারায়ে পাই ফিরে ফিরে,
দেখা আমার তোমার সাথে
নূতন ক'রে নূতন প্রাতে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail